


যুগান্তর

আন্তীকরণ কলেজ শিক্ষকদের চাকরি স্থায়ীকরণের দাবি

প্রকাশ : ১৬ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



আন্তীকরণ কলেজ শিক্ষকদের চাকরি তাদের নিজ নিজ প্রতিষ্ঠান জাতীয়করণের তারিখ থেকে নিয়মিতকরণ ও স্থায়ীকরণের দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক ফোরাম (বাসকশিফো)। শুক্রবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাসকশিফোর আহ্বায়ক আবুল কালাম আজাদ। তিনি বলেন, বর্তমানে আমরা সংকটময় পরিস্থিতিতে আছি। জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালা-২০০০ আন্তীকরণ কর্মচারীরা তাদের নিজ নিজ কলেজ জাতীয়করণের তারিখ থেকে চাকরি নিয়মিতকরণ, স্থায়ীকরণসহ সব সুযোগ-সুবিধা পাচ্ছেন। অথচ একই বিধিতে আন্তীকরণ এবং একই দিনে নিয়োগপ্রাপ্ত কলেজ শিক্ষকদের চাকরি নিয়মিতকরণ করা হচ্ছে অ্যাডহক নিয়োগের পর যোগদানের তারিখ থেকে তিন বছর পর। অর্থাৎ কলেজ জাতীয়করণের তারিখ থেকে নয়। আর স্থায়ীকরণ নিয়ে টালবাহানা করা হচ্ছে যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) কলেজ শাখার কিছু কর্মকর্তার নিজেদের বানানোর নিয়ম।

লিখিত বক্তব্যে আবুল কালাম আজাদ আরও বলেন, জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আন্তীকরণ বিধিমালায় কোথাও এমন কিছু লেখা নেই। জাতীয়করণকৃত মাধ্যমিক স্কুলগুলোর আন্তীকরণকৃত শিক্ষকরাও তাদের নিজ নিজ প্রতিষ্ঠান জাতীয়করণের তারিখ থেকে নিয়মিত স্থায়ীকরণসহ সব সুযোগ-সুবিধা পাচ্ছেন। শুধুমাত্র আমরা যারা বিভিন্ন কলেজের আন্তীকরণ কলেজ শিক্ষক তাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের কলেজ শাখার কিছু কর্মকর্তা মনগড়া নিয়ম বানিয়ে নিয়মিতকরণ ও স্থায়ীকরণের সব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে। তিনি অভিযোগ করেন, মাউশির কলেজ শাখার কিছু কর্মকর্তা আন্তীকরণ কলেজ শিক্ষকদের বুনিয়াদি প্রশিক্ষণসহ সব প্রশিক্ষণ থেকেও বঞ্চিত রেখেছেন। এ অবস্থায় দাবি উঠেছে-২০০০ বিধিতে শিক্ষা ক্যাডারের আন্তীকরণ কলেজ শিক্ষকদের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের জাতীয়করণের গুরুত্বপূর্ণ কাজে পদায়ন করা হোক। পাশাপাশি যারা আন্তীকরণ কলেজ শিক্ষকদের সঙ্গে বিমাতাসুলভ আচরণ করছে তাদের শনাক্ত করে মাউশি থেকে বের করে কলেজে পদায়ন করা হোক।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক ফোরামের (বাসকশিফো) সাধারণ সম্পাদক হোছাইন মুহম্মাদ জাকির, যুগ্ম আহ্বায়ক রেজাউল হক, শিক্ষক নেতা মাহারুব জামান প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।